



Ambassador &
Permanent Representative

Permanent Mission of Bangladesh
to the United Nations, New York



১১ মে ২০২১

বাণী

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আমি নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী ভাই-বোনকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা।

গতবছর থেকে সারাবিশ্ব কোভিড-১৯ অতিমারির বিরুদ্ধে লড়াই করে চলেছে। যে সকল প্রবাসী ভাই-বোন কোভিড-১৯ অতিমারিতে প্রিয়জন হারিয়েছেন, তাঁদের প্রতি আমি গভীর সমবেদনা প্রকাশ করছি এবং তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি। ইতোমধ্যে আমরা করোনা ভাইরাসের সংক্রমণ থেকে নিজেদেরকে রক্ষার জন্য প্রচলিত বিধি-নিষেধ মেনে চলতে অভ্যস্ত হয়েছি। যুক্তরাষ্ট্রের প্রবাসী বাঙালিদের অনেকেই টিকা গ্রহণ করে সুরক্ষিত হয়েছেন। আমার বিশ্বাস আমরা এ লড়াইয়ে জয়ী হয়ে আবার স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারবো এবং পরিপূর্ণভাবে পরিবার-পরিজন, বন্ধু-স্বজন নিয়ে ঈদ-আনন্দ উদযাপন করতে সক্ষম হবো।

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আমি মহান আল্লাহর নিকট প্রিয় মাতৃভূমি বাংলাদেশের উন্নতি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করছি। আমি আশা করি, যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী ভাই-বোনেরা পারস্পরিক সম্পর্ক ও সৌভ্রাতৃত্বের বন্ধনকে আরও শক্তিশালী করার মাধ্যমে প্রবাসে বাংলাদেশের ভাবমূর্তি আরও বৃদ্ধি করবেন এবং সমৃদ্ধ ও মর্যাদাপূর্ণ বাংলাদেশ প্রতিষ্ঠায় অবদান রাখবেন। পবিত্র ঈদ-উল-ফিতরে এটাই আমার প্রত্যাশা।

আসুন আমরা ঈদ-উল-ফিতরের খুশী সকলের সাথে ভাগাভাগি করে নেই। সকল চ্যালেঞ্জ মোকাবিলা করে পূর্ণ প্রাণ নিয়ে আবার আমরা নতুন উদ্যোগে সম্মুখপানে অগ্রসর হই।

সকলকে আবারও ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা।


(রাবাব ফাতিমা)